ইত্তেফাক

...খ ...27/1/83...

... কলাম ...

003

ভর্তি সমস্যা

# রাজধানী শহরের বাহিরেও একই অবস্থা

( নিজস্ব প্রতিনিধি)

রাজশাহী, ২৬শে জানুয়ারী—চলতি ভর্তি মৌসুমে বিভাগীয় শহর রাজশাহী ও শিল্পনগরী বগুড়া মাধ্যমিক স্কুলগুলিতে আসন সংখ্যার তুলনায় ভর্তিচ্ছুদের সংখ্যা প্রায় পাঁচগুণ বেশী হওয়ায় অভিভাবকগণ দুশ্চিন্তায় পড়িয়াছেন। রাজশাহী শহরে ৬টি সরকারী বিদ্যালয়সহ ২০টি মাধ্যমিক বিদ্যালয়ে প্রায় দুই হাজার ছাত্র-ছাত্রীকে ভর্তি করা যাইবে অথচ ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীর সংখ্যা আসন সংখ্যার তুলনায় ৫ গুণেরও

(৭ম পৃঃ দ্রঃ)

## ভর্তি সমস্যা

( ১ম পৃঃ পর )

বেশী। রাজশাহী পি. এন, গার্লস স্কুলে মাত্র একটি শ্রেণীতে ৪০টি আসনে প্রায় চারি শত আবেদনপত্র দাখিল হয়। শহরে দুইটি সরকারী বালিকা বিদ্যালয়সহ মোট ৮টি বালিকা বিদ্যালয় আছে। বিদ্যালয়গুলির আসন সংখ্যার চাইতে বহু বেশী দরখাস্ত পড়ায় বিদ্যালয় কর্তৃপক্ষ ও অভিভাবক মহল বিব্রত।

### বগুড়ায়

এদিকে প্রায় আড়াইলক্ষ অধিবাসী অধ্যুষিত শিল্পনগরী বগুড়ায় একটিমাত্র সরকারী বালিকা বিদ্যালয় সহ শহরে মাত্র ৪টি বালিকা বিদ্যালয় ও জেলা-স্কুল সহ বালকদের ৮টি বিদ্যালয় আছে। আসন সংখ্যার তুলনায় প্রতিটি বিদ্যালয়েই ভর্তিচ্ছুদের সংখ্যা দ্বিগুণ হইতে পাঁচগুণ। একটি সরকারী স্কুলে মোট ৮০টি আসনের জন্য পাঁচ শতাধিক আবেদনপত্র গ্রহণ করা হয়। বগুড়ায় বালকদের তুলনায় বালিকাদের ভর্তি সমস্যাই প্রকট। একটিমাত্র সরকারী বালিকা বিদ্যালয় হওয়ায় ভর্তিচ্ছুদের চাপ বেশী। বগুড়া সরকারী বালিকা বিদ্যালয়ে ডবল শিফট চালু করা সম্ভব কি না এ বিষয়ে 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক মেজর জেনারেল আবদুস সালামের দৃষ্টি আকর্ষণ করা হইলে তিনি বিষয়টি সহানুভূতির সহিত বিবেচনার আশ্বাস দেন। জানা গিয়াছে বগুড়ার জেলা প্রশাসক বগুড়া সরকারী বালিকা বিদ্যালয়ে দুই শিফট চালু করার সম্ভাব্যতা, অন্যান্য অসুবিধা ও আঞ্চলিক আবশ্যকীয় তথ্যাদি সামরিক প্রশাসককে জ্ঞাত করাইয়াছেন।